স্কুল অব এডুকেশন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৫
: 9291107, PABX: 9291101-4, Ext.- 290

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক নং বাউবি/এসওই/বিএড/ ২(৩৭)/৩৭/২১৬ তারিখ: ১৫-০৭-২০১৮

অধ্যক্ষ/সমন্বয়কারী

বাউবি পরিচালিত বিএড প্রোগ্রাম

বিষয়: বিএড প্রোগ্রামের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের (২০১৮ ব্যাচ) ১ম সিমেস্টারের বিভিন্ন কোর্সের নির্ধারিত কাজের (Assignment) বিষয়বস্তু প্রেরণ প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিএড প্রোগ্রামের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের (২০১৮ ব্যাচ) **১ম সিমেস্টারের** বিভিন্ন কোর্সের **নির্ধারিত কাজের (Assignment) বিষয়বস্তু** শিক্ষার্থীদের মধ্যে প্রচারের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে

(প্রফেসর সুফিয়া বেগম)
ডিন
স্কুল অব এডুকেশন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৫।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
ডায়েরী নং 8820
তারিখ ২৫/৭/১৮
প্রোগ্রামার
ইঞ্জিনিয়ার

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

১. পরিচালক/সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি। বিএড প্রোগ্রামের **Assignment** (৬ পৃষ্ঠা) বাউবির ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।
২. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কেন্দ্র, ... (বিএড প্রোগ্রামের শিক্ষার্থীদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপ-আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক কেন্দ্র, ... (বিএড প্রোগ্রামের শিক্ষার্থীদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৪. সংরক্ষণ নথি।

E: RRC_All

বিএড প্রোগ্রাম
১ম সিমেস্টার
শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮ (২০১৮ ব্যাচ)

নির্ধারিত কাজ

১. কোর্সের নাম: আবশ্যকীয় শিক্ষণ দক্ষতাসমূহ- ১ (EDBN 1311)		পূর্ণমান: ১০
বিষয়বস্তু	:	শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা
সংকেত	:	ভূমিকা, শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার ধারণা, মূলনীতি, শ্রেণিকক্ষের বিন্যাস ও রুটিন, অংশগ্রহণমূলক পদ্ধতির ব্যবহার, পাঠ পরিকল্পনা প্রণয়ন দক্ষতা, উপসংহার।

২. কোর্সের নাম: আবশ্যকীয় শিক্ষণ দক্ষতাসমূহ- ২ (EDBN 1312)		পূর্ণমান: ১০
বিষয়বস্তু	:	শিক্ষার্থী কেন্দ্রিক শিক্ষণ-শিখন কার্যাবলি
সংকেত	:	সূচনা, ধারণা, শ্রেণিকক্ষে প্রয়োগ কৌশল, সুবিধা-অসুবিধা, উপসংহার।

৩. কোর্সের নাম: মাধ্যমিক শিক্ষা, শিক্ষাক্রম ও শিশুর ক্রমবিকাশ- ১ (EDBN- 1313)		পূর্ণমান: ১০
বিষয়বস্তু	:	আবেগ
সংকেত	:	ভূমিকা, আবেগ, আবেগের বৈশিষ্ট্য, আবেগের শ্রেণিবিভাগ, আবেগের সঙ্গে দৈহিক পরিবর্তন, আবেগিক বিকাশ, মানব জীবনে আবেগের ভূমিকা, শিক্ষা ও আবেগের সম্পর্ক, উপসংহার।

৪. কোর্সের নাম: মাধ্যমিক শিক্ষা, শিক্ষাক্রম ও শিশুর ক্রমবিকাশ- ২ (EDBN- 1314)		পূর্ণমান: ১০
বিষয়বস্তু	:	জাতীয় শিক্ষানীতি-২০১০
সংকেত	:	ভূমিকা, জাতীয় শিক্ষানীতি ২০১০ এর আলোকে শিক্ষার উদ্দেশ্য ও লক্ষ্য, মাধ্যমিক শিক্ষা, বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা, মাদ্রাসা শিক্ষা, শিক্ষক প্রশিক্ষণ, শিক্ষকদের মর্যাদা, অধিকার ও দায়িত্ব, আপনার মতে জাতীয় শিক্ষানীতি ২০১০ বাস্তবায়নের সমস্যা ও সমাধানের রূপরেখা, উপসংহার।

৫. কোর্সের নাম: বাংলা শিক্ষণ- ১ (EDBN- 1521)		পূর্ণমান: ১৫
বিষয়বস্তু	:	উপন্যাস শিখন-শেখানো পদ্ধতি
সংকেত	:	ভূমিকা, উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য, উপন্যাসের উপাদানসমূহ, বাংলা উপন্যাস শ্রেণিকক্ষে উপন্যাস শিখন শেখানো, উপসংহার।

৬. কোর্সের নাম: ব্যবসায় শিক্ষা শিক্ষণ- ১ (EDBN- 1522)		পূর্ণমান: ১৫
বিষয়বস্তু	:	বাংলাদেশে মাধ্যমিক স্তরে ব্যবসায় শিক্ষা
সংকেত	:	ভূমিকা, মাধ্যমিক স্তরে ব্যবসায় শিক্ষার গুরুত্ব, ২০১২ সালে NCTB কর্তৃক নির্ধারিত মাধ্যমিক স্তরে ব্যবসায় শিক্ষার বিষয়সমূহ, বিষয়সমূহের বিষয়বস্তু বা অধ্যায়সমূহ, বিষয়বস্তুর বিশ্লেষণ, মাধ্যমিক স্তরে ব্যবসায় শিক্ষার সমস্যাসমূহ, সমাধানের রূপরেখা, উপসংহার।

৭. কোর্সের নাম: Teaching English- 1 (EDBN- 1523)		Full Mark: 15
Topic	:	"The positive aspects of Communicative Language Teaching(CLT) and its challenges in implementing CLT for teaching English in Bangladeshi classroom." The clues are given below: 1. Introduction 2. Communicative Language Teaching (CLT) 3. Main characteristics of CLT 4. Positive aspects of CLT 5. Challenges of implementing CLT in the classroom 6. How to overcome the challenges 7. Conclusion.

৮. কোর্সের নাম: গণিত শিক্ষণ- ১ (EDBN- 1524)		পূর্ণমান: ১৫
বিষয়বস্তু	:	**একজন পারদর্শী গণিত শিক্ষক তৈরির ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ**
সংকেত	:	ভূমিকা, পারদর্শী গণিত শিক্ষকের ধারণা, গণিত শিক্ষকের গুণাবলী, গণিত শিক্ষকের পেশাগত মূল্যবোধ, উপসংহার।

৯. কোর্সের নাম : বিজ্ঞান শিক্ষণ- ১ (EDBN- 1525)		পূর্ণমান: ১৫
বিষয়বস্তু	:	**মাধ্যমিক স্তরে জীববিজ্ঞান অনুশীলনের ক্ষেত্র নিরূপন**
সংকেত	:	ভূমিকা, ৬ষ্ঠ-৮ম শ্রেণির সাধারন বিজ্ঞানে জীববিজ্ঞানের বিষয়বস্তু, ৬ষ্ঠ-৮ম শ্রেণির জীববিজ্ঞান এর শিখন ফলের ছক, ৯ম-১০ম শ্রেণির জীববিজ্ঞান এর শিখন ফলের ছক, মাধ্যমিক স্তরে জীববিজ্ঞানের আলোচ্য বিষয়, উপসংহার।

১০. কোর্সের নাম: সামাজিক বিজ্ঞান শিক্ষণ- ১ (EDBN- 1531)		পূর্ণমান: ১৫
বিষয়বস্তু	:	**সামাজিক বিজ্ঞান শিক্ষণে ছদ্ম শিক্ষণ এবং ফলাবর্তনের মাধ্যমে শিখন কার্যক্রম পরিচালনার প্রভাব।**

১১. কোর্সের নাম: কৃষি শিক্ষা শিক্ষণ- ১ (EDBN- 1532)		পূর্ণমান: ১৫
বিষয়বস্তু	:	**কৃষি শিক্ষা শিক্ষণ-শিখন পরিবেশের বৈশিষ্ট্য নিরূপণ**
সংকেত	:	ভূমিকা, কৃষি শিক্ষার শিখন সহায়ক সামগ্রী, কৃষি শিক্ষা সহায়ক শিক্ষণ-শিখন পরিবেশ সংগঠনের উপায়, কৃষি শিক্ষার গবেষণাগার ব্যবস্থাপনা ও সজ্জিতকরণ, কৃষি শিক্ষার গ্রন্থাগার, উপসংহার।

১২. কোর্সের নাম: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিক্ষণ- ১ (EDBN- 1533)		পূর্ণমান: ১৫
বিষয়বস্তু	:	**জালিকা সংযোগ**
সংকেত	:	ভূমিকা, জালিকা সংযোগের ধারণা, প্রকারভেদ, ব্যবহার, উপসংহার।

নির্ধারিত কাজ (Assignment) তৈরির নির্দেশনা

১. নির্ধারিত কাজ অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।

২. নির্ধারিত কাজ ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে।

৩. নির্ধারিত কাজ তৈরিতে প্রশিক্ষণার্থী স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করবেন।

৪. নির্ধারিত কাজের কাঠামো হবে নিম্নরূপ:

ক. সর্বপ্রথমে একটি কভার পৃষ্ঠা থাকবে। কাভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, প্রশিক্ষণার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেস্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি ইত্যাদি উল্লেখ থাকবে।

খ. দ্বিতীয় পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।

গ. তৃতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।

ঘ. সর্বশেষ পৃষ্ঠায় নির্ধারিত কাজটি তৈরিতে যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।

ঙ. নির্ধারিত কাজটি A4 সাইজের অফসেট কাগজে প্রতি পাতার একপাশে লিখতে হবে এবং বাঁধাই এর জন্য বাম পাশে তিনটি স্টাপল করে তা স্কসটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)

৫. বিএড পরীক্ষার রুটিনের সাথে 'নির্ধারিত কাজ' জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। প্রশিক্ষণার্থীগণ উল্লেখিত তারিখ ও সময়ে স্বশরীরে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিবেন এবং স্বাক্ষর পত্রে স্বাক্ষর করবেন। কেন্দ্র সমন্বয়কারী কোর্সভিত্তিক স্বাক্ষর পত্র ও টপশিট সহ আলাদা আলাদা প্যাকেট করে পরীক্ষা বিভাগে প্রেরণ করবেন।

৬. কোন প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজে নিম্নলিখিত কোন একটি অসুদপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ বাতিল সহ শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে ঐ সিমেস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল করা হবে।

ক. নির্ধারিত কাজ হুবহু কপি করা।

খ. নির্ধারিত কাজ জমাদানে অবৈধভাবে অর্থের লেনদেন করা।

গ. কোন প্রশিক্ষণার্থী স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো।

ঘ. অন্য প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ উন্নতমানের ফটোকপি করে তার উপর নতুন করে মার্জিন দিয়ে জমাদান।

ঙ. নির্দেশনায় উল্লেখিত 'নির্ধারিত কাজের কাঠামো' এবং বাঁধাই অনুসরণ না করে জমা দান।

চ. নির্ধারিত কাজের বিষয়বস্তু ঠিক না থাকা।

ছ. নির্ধারিত কাজের কভার পৃষ্ঠা এবং ভিতরের বিষয়বস্তুর গরমিল।

৭. প্রশিক্ষণার্থীদেরকে উপরে উল্লেখিত নির্দেশনা মেনে নির্ধারিত কাজ প্রস্তুত এবং জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। প্রশিক্ষণার্থীরা উক্ত নির্দেশনা মেনে নির্ধারিত কাজ জমা দিচ্ছে কিনা তা যাচাই করার জন্য টিউটরগণকে অনুরোধ করা হলো।